

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৭৮

আগরতলা, ১৯ নভেম্বর, ২০২৪

ভরত দেববর্মার প্রয়াণে রাজ্যপালের শোক

ভরত দেববর্মার প্রয়াণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় রাজ্যপাল বলেন, ভরত দেববর্মা ছিলেন ত্রিপুরার রাজ পরিবারের সদস্য এবং বর্তমানে তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল যীষু দেববর্মার ভাতা। রাজ্যপাল বলেন, প্রয়াত ভরত দেববর্মা অনাড়ৰ জীবন যাপন করতেন। তাঁর প্রয়াণ দেশের জন্য অপূরণীয় ক্ষতি। প্রয়াত ভরত দেববর্মা পত্নী অভিনেত্রী মুনমুন সেন এবং দুই কন্যা রাইমা সেন ও রিয়া সেনকে রেখে গেছেন। শোকবার্তায় রাজ্যপাল আশা প্রকাশ করেন ঈশ্বর প্রয়াত ভরত দেববর্মার পরিবারের সদস্যদের এই কঠিন সময় সামলে উঠার শক্তি দেবেন।

\*\*\*\*\*